



পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক শ্রমিক ইউনিয়ন

১৮এ ব্রাবোর্ণ রোড, কলকাতা-৭০০ ০০১

(বি.ই.এফ.আই-এর অন্তর্ভুক্ত সংগঠন)

রেজিঃ নং— ৪১৯৯



ইস্টেহার নং ১২

তারিখ - ০৯-১১-২০১৭

সকল সদস্যদের প্রতি

কমরেড,

নোট বাতিল কেলেঙ্কারির বর্ষপূর্তি
১৫ই নভেম্বর ২০১৭(বুধবার) - বিক্ষোভ সমাবেশ

আপনারা অবগত আছেন যে ২০১৬ সালের ০৮ই নভেম্বর এক তাৎক্ষণিক ঘোষণায়, প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী, ঐদিন মধ্যরাত থেকে প্রচলিত ৫০০ ও ১০০০ টাকার নোট বাতিল করে দেন। প্রধানমন্ত্রী তাঁর বক্তৃতায় বিমুদ্রাকরণের চারটি উদ্দেশ্যের কথা সুস্পষ্টভাবে ঘোষণা করেছিলেন। মানুষকে স্বপ্ন দেখানো হয়েছিল (১)কালো টাকা উদ্ধার হবে, (২)জাল নোটের কারবার বন্ধ হবে, (৩)সন্ত্রাসবাদী কার্যকলাপে অর্থ-যোগান বন্ধ হওয়ায় সন্ত্রাসবাদ নির্মূল হবে, (৪)দেশ থেকে দুর্নীতি দূর হবে।

বিগত এক বছরে আমাদের অভিজ্ঞতা হল ঘোষিত উদ্দেশ্যগুলির একটাও পূরণ হয়নি। একটা উদাহরণেই বিষয়টা স্পষ্ট হবে; রিজার্ভ ব্যাঙ্ক বাজারে ২০০০টাকার নতুন নোট বাজারে ছাড়ার আগেই জাল ২০০০ টাকার নোট বাজারে এসেছে। পঞ্চাশের নোট বাতিলের ফলে দেশের সামগ্রিক অর্থনীতি মন্দার কবলে পড়েছে, শুধুমাত্র তথ্য-প্রযুক্তি ক্ষেত্রেই ১৫লক্ষ মানুষ চাকরি হারিয়েছেন, অসংগঠিত ক্ষেত্রে কর্মচ্যুতির সংখ্যা এক-কোটিরও বেশী, বাতিল নোট বদল/জমা দেওয়ার লাইনে শতাধিক সাধারণ মানুষ প্রাণ হারিয়েছেন, কাজের চাপে ১২জন ব্যাঙ্ক-কর্মী/আধিকারিকের মৃত্যু হয়েছে। প্রখ্যাত অর্থনীতিবিদ, অধ্যাপক ভেক্টেশ আশ্রয়ের ভাষায় বলা যায়, বিমুদ্রাকরণ অতি অবশ্যই একটা “সার্জিকাল স্ট্রাইক”, তবে “কালো টাকার বিরুদ্ধে নয়, দেশের গরীব মানুষের বিরুদ্ধেই এই সার্জিকাল স্ট্রাইক”।

আমাদের সর্বভারতীয় সংগঠন, বি ই এফ আই-এর সিদ্ধান্ত অনুযায়ী, **আগামী ১৫ই নভেম্বর ২০১৭ (বুধবার)বিকাল ৫.১৫য়** **সুভাষ রোডে, রিজার্ভ ব্যাঙ্কের কলকাতাস্থ সদর দপ্তরের সামনে** বি ই এফ, পঃবঃ-এর পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের এই হঠকারী সিদ্ধান্তের বিরুদ্ধে এক বিক্ষোভ সমাবেশ কর্মসূচীর ডাক দেওয়া হয়েছে। এই বিক্ষোভ সমাবেশকে বিপুলভাবে সাফল্যমন্ডিত করতে আপনাদের উপস্থিতি অবশ্যই কাম্য।

সংগ্রামী অভিনন্দন সহ -

পিনারী রায় চৌধুরী
যুগ্ম সম্পাদক